শ্রীশ্রী সত্যনারায়ণের পাঁচালী

শ্রীশ্রী কৈবল্যধাম

www.srisrikaibalyadham.org

স্তুতিঃ

যন্ময়া ভক্তিযোগেন পত্রং পুষ্পং ফলং জলম্ ।
নিবেদিতঞ্চ নৈবেদ্যং তদ্গৃহাণানুকম্পয়া॥
ত্বদীয়ং বস্তু গোবিন্দ তুভ্যমেব সমর্পয়ে ।
গৃহাণ সুমুখো ভূত্বা প্রসীদ পুরুষোত্তম॥
মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং জনার্দ্দন ।
যৎ পূজিতং ময়া দেব পরিপূর্ণং তদস্তু মে॥
অমোঘং পুন্ডরীকাক্ষং নৃসিংহং দৈত্যসূদনম্ ।
হৃষীকেশং জগন্নাথং বাগীশং বরদায়কম্॥
সগুণঞ্চ গুণাতীতং গোবিন্দং গরুড়ধ্বজম্ ।
জনার্দ্দনং জনানন্দং জানকীবল্লভং হরিম্॥
প্রণমামি সদা ভক্ত্যা নারায়ণমতঃপরম্ ।
দুর্গমে বিষমে ঘোরে শত্রুণা পরিপীড়িতে॥
নিস্তারয়তু সর্ব্বেষু তথানিষ্টভয়েষু চ ।
নামান্যেতানি সংকীর্ত্ত্য ঈপ্সিতং ফলমাপ্নুয়াৎ ।
সত্যনারায়ণং দেবং বন্দেহহং কামদংপ্রভুম্ ।
লীলয়া বিততং বিশ্বং যেন তস্মৈ নমোনমঃ॥

পুষ্পাঞ্জলিঃ

ওঁ নমস্তে বিশ্বরূপায়, শঙ্খচক্রধরায় চ।
পদ্মনাভায় দেবায়, হৃষীক-পতয়ে নমঃ॥
নমোহনন্তস্বরূপায়, ত্রিগুণাত্মবিভাসিনে।
এষ পুষ্পাঞ্জলিঃ ওঁ সত্যনারায়ণায় নমঃ॥

শ্রীশ্রী সত্যনারায়ণ-এর পাঁচালী

নমঃ সত্যনারায়ণায় নমঃ

সত্য সত্য সত্যপীর সর্ব্বসিদ্ধি দাতা।
বাঞ্ছা বড় বাড়িল, বর্ণিতে ব্রতকথা॥
রসাল রসিক-প্রিয় রমাইব রাগে।
বৃন্দারক-বৃন্দকে বন্দনা করি আগে॥
গুরুগণ গণেশে করিয়া প্রণিপাত।
বন্দোঁ বহ্নি বিপ্র বিধি বিষ্ণু বিশ্বনাথ॥
ত্রিসাবিত্রী সিন্ধুপুত্রী সরস্বতী শিবা।
ত্রিসন্ধ্যা নক্ষত্র চন্দ্র সূর্য্য রাত্রি দিবা॥

রসাল রসিক-প্রিয়-রসজ্ঞ বন্ধুজনকে। রমাইব-সন্তুষ্ট করিব। রাগে- স্বরের মাধুর্য্যে। বৃন্দারক-বৃন্দকে-দেবতাদিগকে। বন্দোঁ-বন্দনা করি। ত্রিসাবিত্রী-ত্রিবিধ গায়ত্রী (প্রাতে ব্রহ্মাণী, মধ্যাহ্নে বৈষ্ণবী, সায়ংকালে মহেশ্বরী)। সিন্ধুপুত্রী-লক্ষ্মী। শিবা-দুর্গা। ত্রিসন্ধ্যা-ত্রিসন্ধ্যার অধিষ্ঠাত্রী দেবতা।

কামাখ্যারে করি নতি ধর্ম্মরাজ-যুতা।
সসর্প মনসা বন্দোঁ মহেশের সুতা॥
অষ্ট সিদ্ধি নবগ্রহ দশদিক্‌পাল।
বন্দোঁ বর্ণ পঞ্চাশৎ পরম রসাল॥
প্রণমিব পরাৎপর পদাব্জযুগল।
কূর্ম্মানন্ত অবনী অম্বুধি অষ্টাচল॥
ত্রৈলোক্যতারিণী বন্দোঁ তুলসী-সুন্দরী।
গোলোক প্রভৃতি বন্দোঁ চতুর্দ্দশ পুরী॥
গঙ্গা আদি তীর্থ-ক্ষেত্রে হইয়া দণ্ডবৎ।
কামরূপ আদি বন্দোঁ পীঠ পঞ্চাশৎ॥
সায়ুধ-বাহন-আবরণ-পরিবার।
দশ মহাবিদ্যা বন্দোঁ দশ অবতার॥
গোকুলে গোবিন্দ বন্দোঁ গোবর্দ্ধন-ধারী।
প্রণমিব প্রভুর প্রেয়সী যত নারী॥

ধর্মরাজ-যুতা-ধর্মরাজের সহিত। সুতা-কন্যা । বর্ণ পঞ্চাশৎ-বর্ণ পঞ্চাশটি ১৪টি স্বরবর্ণ ও ৩৬টি ব্যঞ্জনবর্ণ। পরাৎপর পদাব্জযুগল-ভগবানের পাদপদ্ম-দ্বয়। কূর্মানন্ত-কূর্ম্ম ও অনন্ত অবতারদ্বয়। অবনী-পৃথিবী। অম্বুধি-সমুদ্র। অষ্টাচল-পৃথিবীর অষ্ট দিকের অষ্ট পর্ব্বত। সায়ুধ- অস্ত্রসহ। আবরণ-অঙ্গ দেবতা। পরিবার-সহচর। দশ মহাবিদ্যা-কালী, তারা প্রভৃতি। দশ অবতার-মৎস্য, কূর্ম্ম প্রভৃতি

বলরাম আদি ব্রজ বালক সকল।
বৃন্দাবন-যমুনাদি বিহারের স্থল॥
গো গোপী গোপাল গুরু ব্রজবাসী যত।
রাধাকৃষ্ণ যুগলাদ্য সখী সখা শত॥
যষ্ঠী মহাকাল ক্ষেত্রপাল আদি যত।
উপদেব-বৃন্দকে বন্দনা শত শত॥
নম্র হইয়া নবদ্বীপে বন্দিব নিমাই।
পতিতপাবন প্রভু আর কেহ নাই॥
বন্দোঁ বীরভদ্র ধীর নিত্যানন্দ রাম।
প্রেম ধন দান দিয়ে পূর্ণ কৈল কাম॥
প্রণমিব নদ নদী নদের নিমাই।
বীরভদ্র নিত্যানন্দ শ্রীরূপ গোঁসাই॥
অদ্বৈত আচার্য্য বন্দোঁ গদাধর পন্ডিত।
বন্দিয়া শ্রীবাস আদি ভক্তগণ গীত॥
বৈষ্ণব ব্রাহ্মণ যতী মোহান্তের গণ।
যোগী ন্যাসী কর্ম্মী জ্ঞানী গোস্বামী চরণ॥
বিষ্ণু শর্ম্মা বিষ্ণুপ্রিয়া সত্যনারায়ণ।
ভক্ত ভক্তি ভগবান্ তিন রূপ হন॥
পতিতপাবন গুরু সত্যনারায়ণ।
যাঁহার কৃপায় তরে এ তিন ভূবন॥

ব্রহ্মাদ্যাদি সর্ব্বশক্তি পরা শক্তি দাত্রী।
চন্ডাচামুন্ডা চন্ডিকা দুর্গা শিবদূতী॥
অপ্সরী কিন্নরী বন্দোঁ ডাকিনী যোগিনী।
ছয় রাগ ছয় ঋতু ছত্রিশ রাগিনী॥
বন্দোঁ বেদ বেদাঙ্গ বেদান্ত বিদ্যাগণ।
যত ব্রহ্ম ঋষি দেব মুনির চরণ॥
অতঃপর বন্দিব রহিম রামরূপ।
ত্রিদশের চতুর্দ্দশ ভূবনের ভূপ॥
কোরাণ কেতাব্ আর কল্‌মা সংহতি।
সুফি খাঁ পীরের পায় প্রচুর প্রণতি॥
সাত শত আউলিয়া বন্দি কর জোড়ে।
ফণীন্দ্র নগেন্দ্র ইন্দ্র কাঁপে যা'র ডরে॥
পরে সত্যপীর বন্দোঁ বলে দ্বিজ রাম।
সাকিন বরদা বাটী যদুপুর গ্রাম॥

ত্রিদশের-দেবগণের : ভূপ-অধিপতি। কেতাব্-পুস্তক। সংহতি-সমূহ। আউলিয়া-তপস্বী ফকির। ফণীন্দ্র-সর্পরাজ বাসুকি। নগেন্দ্র-গিরিরাজ হিমালয়।

জয় জয় সত্যপীর, সনাতন দস্তগীড়,
দেব দেব জগতের নাথ।
কে জানে তোমার তত্ত্ব, তুমি রজঃ তমঃ সত্ত্ব
তোমার চরণে প্রণিপাত॥
সর্ব্বভূতে সর্ব্বময়, চারু চরাচরচয়,
চন্দ্রচূড়-চিন্ত্য চিন্তামণি।
পূর্ব্বে হয়ে দশমূর্ত্তি, করিলে অকথ্য কীর্ত্তি,
সত্যপীর হইলে ইদানী॥
ছয় দরশনে কয়, এক ব্রহ্ম দুই নয়,
জন্ম জন্য ভিন্ন ভিন্ন নাম।
কলিতে যবন দুষ্ট, হৈন্দবী করিল নষ্ট,
দেখিয়া রহিম হইলা রাম॥
ভক্তের কারণে হরি, রহিমের বেশ ধরি,
দুষ্টে দেখি দূরে পরিহার।
ব্রাহ্মণে বলিয়া ভেদ, ঘুচালে মনের খেদ,
রক্ষা কৈলে সৃষ্টি আপনার॥
এক মনে অল্প ধনে, যে তোমারে সির্ণি মানে,
হাসিল্ করহ তার কাম।

সনাতন-নিত্য। দস্তগীড়-যিনি হাত ধরেন, অর্থাৎ বিপদে উদ্ধারকর্ত্তা। সর্ব্বভূতে-সকল জীবে। চারু-সুন্দর। চরাচরচয়-সমস্ত জগৎ। চন্দ্রচূড়-চিন্ত্য-মহাদেবের আরাধ্য। দরশন-দর্শন শাস্ত্র। হৈন্দবী-হিন্দুয়ানি। পরিহার-ত্যাগ। ভেদ-মর্ম্মকথা।

আমি অতি মূঢ় মতি কি জানি ভকতি স্তুতি,
নিজ গুণে পূর গুণধাম॥
তোমার সেবাতে হয় হৃদয়ের গ্রন্থি ক্ষয়,
তোমা বিনা কিছু নাহি জানে।
সদানন্দে হ'য়ে লীন তোমার প্রেমেরধীন,
পরাপর সেবাগত ধ্যানে॥
দরিদ্র দ্বিজের কাছে, পূর্ব্বকালে সর্ত্ত আছে
আত্মবাক্য পালিবে আপনি।
নায়কেরে হ'য়ে তুষ্টি সির্ণিতে করহ দৃষ্টি,
শুন আপনার ব্রত বাণী॥
দুঃখ বিনাশিনী তথা, তোমার মঙ্গল কথা,
যে গায় গাওয়ার কিংবা শোনে।
তুমি রক্ষা কর তারে মহামারে মহাঘোরে
রণে, বনে, রিপু সন্নিধানে॥
দৃঢ়ভক্তি হয় যার, পাতক না থাকে তার
মনোরথ সিদ্ধি হাতে হাতে।
কহে দ্বিজ রামেশ্বর শুদ্ধভাবে শুন নর,
হরি বল পীরের পীরিতে॥

হাসিল্-সিদ্ধ। পরাপর-পর, অপর (উত্তম ও অধম)। নায়ক-কর্ত্তা, যে সিরিণি দেয়।

সির্ণি দিয়ে শুদ্ধ ভাবে, পূজিলে বাঞ্ছিত লভে
পুত্র, দারা, অর্থ, ঘোড়া, দোলা।
ভনে দ্বিজ রামেশ্বর, বুঝে কার্য্য কর নর,
শুন প্রভুর অষ্ট মঙ্গলা॥

কলিতে প্রথম তত্ত্ব ফকিরত্ব কায়া।
দ্বিতীয়ে দরিদ্র দ্বিজে দিলে পদ ছায়া॥
তৃতীয়ে ত্রিবিধ লোক করিলে নিস্তার।
চতুর্থে উৎকট কষ্ট নষ্ট কাঠুরার॥
কন্যা জন্য মাননে পঞ্চমে পরাৎপর।
সদানন্দ সাধুকে সংকটে দিলা বর॥
পাসরণে প্রতিফল বন্ধন বিদেশে।
ষষ্ঠে তুষ্ট হয়ে কষ্ট দূর কৈলা শেষে॥
সপ্তমে সাধুর সঙ্গে পথে দরশন।
অষ্টমে অবলার অহংকার মোচন॥
কত ঠাঁই ঠাকুরালী করিয়া প্রচুর।
দরিদ্রের দুঃখ ক্লেশ কত কৈলা দূর॥
বংশধ্বজ নৃপতির দর্প চূর্ণ করি।
গোপগণ সঙ্গে পূজা করাইলা হরি॥

পরে তুষ্ট হয়ে তারে দিলে পরম স্থান।
সত্যনারায়ণ হন দয়ার নিদান॥
পুত্রার্থীরে পুত্র দেয় ধনার্থীরে ধন।
দয়ার্থী সদাই সেবে সত্যের চরণ॥
তুমি প্রভু দয়াসিন্ধু মহিমা সাগর।
কি বলিতে পারি প্রভু আমি তুচ্ছ নর॥
আপনি রচিলে নাথ আপন কীর্ত্তন।
মোর দোষ ক্ষম, দেহ চরণে শরণ॥
নায়কে কল্যাণ কর গায়কে সুস্বর।
আসর সহিতে সত্যপীর দেহ বর॥
পূজার দক্ষিণা দিবে, না হবে কাতর।
তবে দয়া করিবেন পীর পয়গম্বর॥
গ্রন্থ সাঙ্গ হৈল বিরচিল দ্বিজ রাম।
সবে হরি ধ্বনি কর মুজ্‌রা সেলাম॥

প্রণাম

অর্চ্চনং বন্দনং পাঠং নমস্কারং ক্ষমস্বতে ।
প্রসাদানন্দ সংযোগে স্তুতিং কৃত্বা গৃহং গত্বা॥
গুণানুচিন্তয়েৎ ভক্ত্যা রাত্রৌ নিদ্রা ন লভ্যতে ।
এবং কৃতে মনুষ্যাণাং নিত্যানন্দং সুখং ভবেৎ॥